


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd



২৫ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ০৯ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং-৪৬.০০.৬১০০.০৪২.১৪.০৭১.১৭.৬৬২

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে ময়মনসিংহ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ ময়মনসিংহ জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০২.১৪.০৮৯.১৭.৪৫, তারিখঃ ২৩/১/২০১৮।

২০১৭-২০১৮ অর্থবছরে ময়মনসিংহ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২৮,৩৯,০৩,০০০/- (আঠাশ কোটি উনচল্লিশ লক্ষ তিন হাজার) টাকায় গৃহীত ৯০৯টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-১, ২, ৩, ৪৪, ৪৮৮, ৪৯১, ৪৯৩, ৬০৪, ৬৯৭, ৭১৫, ৭৬৬, ৭৬৭, ৭৬৮, ৭৭১, ৭৭২, ৭৭৩, ৭৭৪, ৭৭৫, ৭৭৬, ৭৭৮-৭৯৮, ৮০২, ৮০৫-৮১৪, ৪৬৭, ৫৮২, ৭৯৯, ৭২২ এ বর্ণিত প্রকল্পগুলো ব্যতীত ২০,১৯,১১,০০০/- (বিশ কোটি উনিশ লক্ষ এগার হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৮৫৫টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) অনুমোদিত প্রকল্পসমূহ পিপিআর ২০০৮ এর বিধি-বিধান অনুসরণপূর্বক বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) ৫.০০ লক্ষ বা তদুর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, ময়মনসিংহ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ৩) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৬) স্থানীয় সরকার বিভাগের ১২/৪/২০১৮ তারিখের ৫৫৫ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী রাজস্ব তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ৪০% প্রকল্প পিআইসি (প্রকল্প বাস্তবায়ন কমিটি) এবং ৬০% প্রকল্প দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে ;
- ৭) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ ময়মনসিংহ এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ এরশাদুল হক)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ময়মনসিংহ।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।